# চারিত্রিক রূপান্তরীতকরণ

## ইয়োব এবং অন্যরা যাঁরা ঐশ্বরিক উৎকর্ষতায় বৃদ্ধির আদর্শ ছিলেন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যায়ণ C1b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ''পিতা, আমাকে এবং আমি যাদের পালকত্ব করছি তাদের খ্রীষ্টে বৃদ্ধিতে যাহায্য করতে এই অধ্যায়ণটি দয়া করে ব্যবহার কর।''

**১. খ্রীষ্টের অনুরূপ চরিত্র নির্মানে প্রস্তুতি গ্রহণ করুন।**

**পটভূমি**

ইয়োব মারাত্মক দুঃখভোগ সহ্য করেছিলেন, এই বিষয়ে ঈশ্বরের সঙ্গে বিতর্ক করেছিলেন এবং ঈশ্বরের প্রতি তাঁর বিশ্বাসকে দৃঢ়তার সঙ্গে ধরে রেখেছিলেন।

ইয়োব একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, কিন্তু তথাপি তাঁর শিক্ষার প্রয়োজন ছিল যে সর্বশক্তিমান ঈশ্বরকে তাঁর রহস্যময় উপায়ে কাজ করতে দিতে হবে।

ক্লেশভোগের প্রতি বিশ্বাস ও সহিষ্ণুতার সঙ্গে সাড়াদানের মাধ্যমে ঐশ্বরিক উৎকর্ষতা বৃদ্ধি পায়।

ইয়োবের, তার বিরুদ্ধে তার বন্ধুদের অভিযোগ প্রদর্শন করে যে কেবলমাত্র তিরস্কারের দ্বারা কাউকে উন্নত করতে সাহায্য করা যায় না। কিছু সংখ্যক পালকেরা ইয়োবের বন্ধুদের মত জোড় করে ভাল হওয়ার চেষ্টা করেন। তারা ইয়োবকে দোষী বোধ করানোর জন্য তিরস্কার করেছিলেন এবং চেষ্টা করেছিলেন। খ্রীষ্টদের অবশ্যই ঈশ্বরকে জানাতে এবং পবিত্র আত্মার শক্তির সাহায্যে পরস্পরের সেবা করতে লোকদের সাহায্য করতে হবে।



**ইয়োব ১ অধ্যায়ে এই সত্যটি খুঁজে দেখুন।**

প্রকাশিত বাক্য ১২ঃ১০ পদে শয়তানকে কেন ''ভ্রাতৃগণের দোষারোপকারী'' বলা হয়েছে।

ইয়োবের বিশ্বাস এবং চরিত্র পরীক্ষার জন্য ঈশ্বর শয়তানকে কি করতে সম্মতি দিয়েছিলেন।

**২ অধ্যায়ে খুঁজে দেখুন ঃ**

ইয়োবকে পরীক্ষার জন্য ঈশ্বর শয়তানকে আরও কি কি ক্লেশদানের বিষয় অনুমোদন করেছিলেন।

ইয়োবের যে তিনজন বন্ধু তাঁকে সান্ত্বনা দিতে এসেছিলেন তাদের নাম কি কি ।

**৩ অধ্যায়ে খুঁজে দেখুন,** ইয়োব তাঁর জন্মদিনের বিষয়ে কিকি ঘটনা ঘটার জন্য ইচ্ছা প্রকাশ করেছিলেন।

**৪ - ৫ অধ্যায় খুঁজে দেখুন** ইয়োবের যন্ত্রণার কারণ হিসাবে ইলীফস কি ধারণা করে ছিলেন।

(উত্তর ঃ ৪ঃ৭-৮ পদ দেখুন। অধিকাংশ লোক যারা অন্যের দোষারোপ এবং বিচার করে, তাদের মত ইলীফস ভুল করে মনে করেছিলেন যে ইয়োব ক্লেশভোগ করছেন, কারণ ঈশ্বর ইয়োবের মধ্যস্থ কোন মন্দ বিষয়ের জন্য তাঁকে শাস্তি দিচ্ছেন।)

**৬-১১ অধ্যায় খুঁজে দেখুন ঃ**

৬ঃ২১-৩০ পদের মধ্যে ইলীফসের পরামর্শ সম্পর্কে কি ভেবেছিলেন।

৮ অধ্যায়ে ইয়োবের উত্তরের বিষয়ে বিলদদে কি ভেবেছিল (২পদ দেখুন)।

৯-১০ অধ্যায়ে, ইয়োব তাঁর জীবনের বিষয় কি চিন্তা করেছিলেন।

১০ঃ২০-২২ পদে ইয়োব তাঁর বন্ধুরা কি করবে বলে ইচ্ছা প্রকাশ করেছিলেন।

১১ অধ্যায়ে ইয়োবের ক্লেশভোগের বিষয় সোফর কি ধারণা করেছিলেন, (১৩-১৬ পদ দেখুন)।

ইয়োব ১২ঃ১-৩ পদে, ইয়োব তাঁর তিন বন্ধুর উপদেশের বিষয় কি চিন্তা করেছিলেন।

**১২-৩১ অধ্যায়ে দ্বিতীয়বারের জন্য চারটি লোকের বিতর্ক খুঁজে দেখুনঃ**

১২ঃ১-৩ পদে, ইয়োব তাঁর তিন বন্ধুর উপদেশের বিষয় কি ভেবেছিলেন

১৯ঃ২৩-২৭ পদে, ইয়োবের শেষ আশা।



**৩৮-৪১ অধ্যায়ে ঈশ্বর ঘূর্ণবায়ুর মধ্যে দিয়ে ইয়োবকে কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন। খুঁজে দেখুন ঃ**

৩৮ঃ১-৩ পদে সদাপ্রভু তিনজন প্রাচীন পরামর্শদাতার বিষয় কি চিন্তা করেছিলেন।

৩৮ঃ৪-৫ পদে সদাপ্রভু ইয়োবের অজ্ঞতা প্রকাশ করার জন্য ইয়োবকে কি জিজ্ঞাসা করেছিলেন।

**৩২-৩৭ অধ্যায়ে ইলীফস পৌঁছেছিলেন। ৩২ঃ৩-১০ পদে খুঁজে দেখুন, তিনি কেন তিনজন প্রাচীন ব্যক্তির প্রতি ক্রুদ্ধ হয়েছিলেন।**

**৪২ অধ্যায়টি** চূড়ান্ত ফলাফল প্রকাশ করেছিল, খুঁজে দেখুনঃ

৪২ঃ১-৬ পদে ইয়োব তাঁর নিজের বিষয় এবং তাঁর মনোভাব পরিবর্তনের বিষয় কি অনুভব করেছিলেন।

৪২ঃ৭-৮ সদাপ্রভু তিনজন প্রাচীন ব্যক্তির উপর ক্রুদ্ধ হয়েছিলেন কেন এবং তিনি তাদের কি করতে বলেছিলেন।

৪২ঃ১০-১৭ পদে চূড়ান্ত ফল কি ছিল।

**১ পিতর ১ঃ৩-৯ পদে খুঁজে দেখুন, খ্রীষ্টের জন্য বিভিন্ন দুঃখভোগের ফল সমূহ।**

২. **সপ্তাহব্যাপী করণীয় কার্যকলাপের বিষয় পরিকল্পনা করুন**

লোকদের তাদের পাপ ঈশ্বরের কাছে স্বীকার করতে উৎসাহিত করুন এবং তাঁর রূপান্তরিতকরণ শক্তি যাঞ্চা করুন।

৩. **আসন্ন আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে প্রার্থনা করুন**

দায়ূদের শৌলকে ক্ষমা করার বিষয়ে শিশুদের নাটকটি উপস্থাপন করতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।

ইয়োবের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর স্মৃতিচারণ করুণ অথবা অভিনয় করুন (ভাগ ১)। আপনি যা খুঁজে পেয়েছেন সেই বিষয়ে প্রশ্ন করুন।

এই বিষয়গুলো আলোচনা করার জন্য প্রার্থনা করার জন্য, কার্যকলাপ পরিকল্পনা করার জন্য এবং পরস্পরের সেবার জন্য ছোট ছোট দল তৈরী করুন।




গালাতীয় ৫ঃ২২-২৩ পদ মুখস্থ করুন।

প্রভুর ভোজ প্রর্বতনের জন্য ইয়োব তাঁর পরামর্শদাতাদের জন্য কিভাবে রক্ত বলিদান করেছিলেন, সেই বিষয়ে বলুন, ইয়োব ৪২ঃ৭-৮ পদ। ব্যাখ্যা করুন, খ্রীষ্টের রক্ত আমাদের সমস্ত লজ্জাজনক ব্যবহার আবৃতকরে।

বাইবেল সম্মত ‘দৈহিক’ জীবনের বিষয় ব্যাখ্যা করুন।

- শাস্ত্রে ঐশ্বরিক চরিত্র নির্মাণের বিষয়টি একটি দলগত প্রচেষ্টা। আমারা একাকী ইহা করতে পারি না।
- পরস্পরের প্রতি প্রেমপূর্ণভাবে সেবা করার জন্য পবিত্র আত্মা আমাদের আত্মিক দানসমূহ প্রদান করেন (১করি ১২ এবং ১৩ অধ্যায়)।
- আমরা যত বিশ্বাসীদের দেহে অংশ গ্রহণ করি এবং অন্যদের সেবা করি ততই আমরা চরিত্রে বৃদ্ধি লাভ করি। উদাহরণ, মদ্যপায়ীরা খুব সহজেই তাদের এই অভ্যাস ত্যাগ করতে পারেন, তারা যখন অন্যদের ইহা করতে সাহায্য করেন।

কিছু সংখ্যক ব্যক্তি সাধারণ পশুদের ভালমন্দ বিষয়গুলো প্রদর্শন করেন, ব্যাখ্যা করুন।

| কিছু লোক অনুরূপ কাজ করেন | তারা যখন পবিত্র আত্মাকে অবহেলা করেন | তারা যখন পবিত্র আত্মায় পূর্ণ হন |
|---|---|---|
| পৌলের মত শক্তিশালী বলদঃ  | পৌল স্তিফানকে প্রস্তারাঘাতে হত্যা করার কাজে অংশ গ্রহণ করেছিলেন এবং বিশ্বাসীদের ওপর তাড়না করেছিলেন। | পরে পৌল দলকে একত্রিত করার বিরুদ্ধে প্রতিরোধকে তুচ্ছ করেছিলেন। পালকদের প্রশিক্ষণ দিয়েছিলেন এবং বিভিন্ন জাতির কাছে বাক্য নিয়ে গেছিলেন। |
| ঘেউ ঘেউ কারী কুকুর ছানা, পিতরের মতঃ  | পিতর সর্বদা তাড়াহুড়ো করে কথা বলতেন; তিনি যীশুর মৃত্যুবরণের পরিকল্পনার বিরোধীতা করেছিলেন, এমন কি তিনি যীশুকে অস্বীকার করেছিলেন। | পরবর্তীকালে পিতর কর্তৃত্বের সঙ্গে যীশুর বিষয় ঘোষণা করেছিলেন এবং অসংখ্য লোককে বিশ্বাস ও অনুতাপ পরিচালিত করেছিলেন। |
| দূরদৃষ্টি সম্পন্ন ঈগল, দায়ূদের মতঃ  | দায়ূদ কৌশলের সঙ্গে তার সন্তানদের গণনা করেছিলেন যা তাঁকে সম্মান ফলক এনেদিয়েছিল, তিনি উড়িয়ের স্ত্রীর প্রতি কামনা করে ছিলেন। | দায়ূদ সুন্দর গীত রচনা করে ছিলেন, নূতন মন্দিরের পরিকল্পনা করেছিলেন এবং স্থায়ী রাজ্যের বিষয় বিশ্বাস করেছিলেন। |
| অশ্বের অবিচলিত কাজ, ইয়োবের  | ঈশ্বর ইয়োবকে ক্লেশের মধ্যে পতিত হতে দেওয়ার জন্য তিনি ঈশ্বরকে প্রশ্ন করেছিলেন এবং তাঁর সঙ্গে অত্যন্ত অধিক বিতর্ক করেছিলেন। | ক্লেশের সময়েও ইয়োব ঈশ্বরের প্রতি মহাবিশ্বাস রেখেছিলেন এবং প্রশ্ন করার জন্য তিনি অনুতপ্ত হয়েছিলেন। |

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net